দৈনিক বাংলা

তারিখ ... ...6.4.84... ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

090

# এ মাসেই লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

সাভারে নির্মিতব্য লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রটি চলতি মাসের শেষের দিকে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে বলে সরকারী সূত্রে প্রকাশ করা হয়েছে।

প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট দু'জন কর্মকর্তা গতকাল সাংবাদিকদের জানান যে কেন্দ্রটির শতকরা ৭৫ ভাগ ইতিমধ্যেই সম্পন্ন হয়ে গেছে।

তারা জানান যে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রটি হচ্ছে এডমিনিস্ট্রেটিভ স্টাফ কলেজ, নিপা এবং সিভিল অফিসার্স ট্রেনিং একাডেমীর একীভূত রূপ। এ ধরনের আরেকটি প্রতিষ্ঠান স্টাফ ট্রেনিং ইনস্টিটিউটটি আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে কাজ করে যাবে। পূর্বোক্ত তিনটি প্রতিষ্ঠান এই কেন্দ্রের সঙ্গে একীভূত হলেও প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট বিভিন্ন

(৩-এর পৃঃ দ্রঃ)

## উদ্বোধন

(১ম পৃঃ পর)

ক্ষেত্রে এগুলোর স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় থাকবে বলে উল্লেখ করে প্রকল্প পরিচালক জনাব এইচ টি ইমাম জানান যে তবে এগুলো কেন্দ্রের লাইব্রেরী, অডিটরীয়াম, ক্যাফেটেরিয়া ইত্যাদি সাধারণ সুযোগ সুবিধা একই সঙ্গে ভোগ করবে।

সংস্থাপন বিভাগের অতিরিক্ত সচিব ব্রিগেডিয়ার (অবঃ) ইউসুফ হায়দার জানান যে ভবিষ্যতে এটিকে দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক এবং আন্তর্জাতিক প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তোলা হবে।